



# স্বর

, সেন্ট জেভিয়ার্স কলেজ (স্বশাসিত), কলকাতা-এর সেন্টার ফর জেগার স্টাডিজ থেকে

প্রকাশিত একটি পিয়ার-রিভিউড বাংলা পত্রিকা।

## পরবর্তী সংখ্যার জন্য লেখা আহ্বান

‘স্বর’ সেন্ট জেভিয়ার্স কলেজ(স্বশাসিত), কলকাতার-এর সেন্টার ফর জেগার স্টাডিজ থেকে প্রকাশিত একটি পিয়ার-রিভিউড বাংলা পত্রিকা। সামাজিক পরিসরে লিঙ্গরাজনীতি, লিঙ্গ বৈষম্য এবং সমতার অধিকার সংক্রান্ত বিতর্কগুলিকে বিদ্যায়তনিক ক্ষেত্রে উপস্থাপন করা এই পত্রিকার অভিনিবেশ। পত্রিকার প্রথম সংখ্যাটিতে রয়েছে বেশ কয়েকটি আমন্ত্রিত প্রবন্ধ, প্রতি লেখার কেন্দ্রে রয়েছে লিঙ্গ রাজনীতির পাঠ। এছাড়াও রয়েছে বেশ কয়েকটি নিয়মিত বিভাগ—প্রাসঙ্গিক স্মৃতিকথা, গুরুত্বপূর্ণ ব্যক্তিত্ব সম্পর্কে আলোচনা, পুনর্মুদ্রণ, অনুবাদ, গ্রন্থ সমালোচনা, সাম্প্রতিক খোঁজ-খবর এবং সাক্ষাৎকার। আমাদের পরবর্তী সংখ্যায় নিয়মিত বিভাগগুলির পাশাপাশি আলোচনার জন্য যে বিশেষ বিষয়টি নির্বাচন করা হয়েছে তা হল— আর্থ-সামাজিক-রাজনৈতিক ক্ষেত্রে শ্রমসাম্য ও লিঙ্গরাজনীতি।

১। পরবর্তী সংখ্যার বিষয়—শ্রমসাম্য ও লিঙ্গরাজনীতি

২। লেখা পাঠাবার নিয়মাবলি—

- অপ্রকাশিত, মৌলিক গবেষণামূলক বাংলা প্রবন্ধ পাঠাতে হবে। প্রবন্ধের অংশবিশেষ পূর্বপ্রকাশিত হলে সে লেখা গৃহীত হবে না।
- শব্দসংখ্যা অনধিক ৩০০০।
- লেখার শিরোনাম, সংক্ষিপ্ত লেখক পরিচিতি (ইমেল আইডি ও ফোন নাম্বার সহ), লেখার সংক্ষিপ্তসার (অনধিক ৩০০ শব্দ), সূচক শব্দ (অন্তত ৫টি) অবশ্যই দিতে হবে।
- লেখায় উল্লেখপঞ্জি সংযুক্ত করতে হবে।
- লেখার শেষে নির্বাচিত গ্রন্থপঞ্জি (বাংলা, ইংরেজি ও অন্যান্য ভাষা) বর্ণানুক্রমে সাজিয়ে দিতে হবে।
- অত্র ইউনিকোডে কালপুরুষ ফন্ট ব্যবহার করে লিখতে। মূল লেখার ফন্ট সাইজ ১২, শিরোনামের ফন্ট সাইজ ১৪ এবং অন্ত্যটীকার ফন্ট সাইজ হবে ১০। লাইন স্পেস ১.৫ থাকবে। শিরোনাম ছাড়া অন্য কোথাও বোল্ড বা মোটা হরফ ব্যবহার না করাই বাঞ্ছনীয়। লেখাটির ওয়ার্ড ও পিডিএফ দুটো ফাইল পাঠাতে হবে।
- লেখা পাঠাতে হবে [cgs.swar@sxccal.edu](mailto:cgs.swar@sxccal.edu) ইমেল আইডিতে।
- লেখা পাঠানোর সময়সীমা ১০ নভেম্বর, ২০২৩। লেখা মনোনীত হলে ই-মেল মারফত জানিয়ে দেওয়া হবে।

### ৩। উল্লেখপঞ্জি ও গ্রন্থপঞ্জি নির্দেশের নিয়মাবলি—

#### উল্লেখপঞ্জি:

##### বই

- Alan Cruttenden, *Language in Infancy & Childhood* (Manchester: Manchester University Press, 1979), 88.

##### সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- P K. Kuhl, 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech', *Plasticity of Development*. S. Brauth, W. Hall & R. Dooling (Ed.), (Cambridge: Bradford Books, 1991), 16.

##### পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production', *Journal of Child language* (No. 6, 1979): 50.
- অপ্রকাশিত গবেষণার ক্ষেত্রে গবেষকের নাম, গবেষণার শিরোনাম, বিশ্ববিদ্যালয়ের নাম ও গবেষণা সাল উল্লেখ করতে হবে।
- বৈদ্যুতিন তথ্যসূত্রের ক্ষেত্রে 'url id' ও 'accessed on' উল্লেখ করতে হবে।

#### গ্রন্থপঞ্জি:

##### বই

- Cruttenden, Alan. *Language in Infancy & Childhood*. First Edition. Manchester. Manchester University Press. 1979.

##### সম্পাদিত বই থেকে প্রবন্ধ

- Kuhl, P K. 'Cognition and the Ontogenetic and Phylogenic Emergence of Human Speech'. In Brauth, S. & W., hall & R., dooling (Ed.). *Plasticity of Development*. Cambridge. Bradford Books. 1991.

##### পত্রিকা থেকে প্রবন্ধ

- Benedict, H. 'Early Lexical Development: Comprehension & Production'. *Journal of Child Language*, No. 6, 1979.

যোগাযোগ: 7980639067/7384343432/8017067174